# কৃষি বিপণন বার্তা

ত্রৈমাসিক কৃষি বিপণন বার্তা | প্রথম বর্ষ | প্রথম সংখ্যা | পৃষ্ঠা ৮

## কৃষি বিপণন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা আয়োজন



কৃষি বিপণন অধিদপ্তরে উপস্থিত কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলামকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান অধিদপ্তরের মহাপরিচালকসহ অন্যান্য কর্মকর্তাগণ

কৃষি বিপণন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কৃষকের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ বিষয়ে গত ১৫ই ফেব্রুয়ারি, ২০২১ কৃষি বিপণন অধিদপ্তরের সভাকক্ষে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল। সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম কৃষিপণ্যের যথাযথ মূল্য প্রাপ্তির জন্য অধিদপ্তরের সকল কর্মকর্তা/ কর্মচারীগণের বাজার সংযোগের নিমিত্ত নিবেদিতভাবে কাজ করার জন্য অনুরোধ করেন।



কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে সিনিয়র সচিব মহোদয়

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে কৃষি বিপণন অধিদপ্তরের ৩য় স্থান অর্জন



জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে কৃষি বিপণন অধিদপ্তরের ৩য় স্থান অর্জন

২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা দক্ষতার সঙ্গে বাস্তবায়নে কৃষি মন্ত্রণালয়ের সতেরটি দপ্তর/সংস্থার মধ্যে কৃষি বিপণন অধিদপ্তর ৩য় স্থান অধিকার করেছে। এই অর্জনের স্বীকৃতিস্বরূপ কৃষি বিপণন অধিদপ্তরকে সম্মাননাপত্র প্রদান করেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এম.পি এবং কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম। কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষ থেকে উক্ত সম্মাননা স্মারক গ্রহণ করেন অধিদপ্তরের পরিচালক জনাব কাজী আবুল কালাম।

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপন



বিএআরসিতে স্থাপিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপনের অংশ হিসেবে ১৭ মার্চ ২০২১ তারিখে পৃথকভাবে কৃষি বিপণন অধিদপ্তর ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন।



কৃষি বিপণন অধিদপ্তরে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

## বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে ১৭ মার্চ, ২০২১ তারিখে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। এছাড়া কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ ও অধীনস্থ দপ্তর সংস্থার প্রধানগণ উক্ত আলোচনা সভায় বক্তব্য প্রদান করেন। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম।



বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে মহাপরিচালক মহোদয়ের বক্তব্য প্রদান

## চলতি মৌসুমে আলুর সম্ভাব্য সরবরাহ, সংরক্ষণ ও বিপণন বিষয়ে মত বিনিময় সভা আয়োজন

আলুর বাজারজাতকরণ ব্যবস্থার উন্নয়ন, সহনীয় মূল্যে সরবরাহ নিশ্চিতকরণ, রপ্তানি বৃদ্ধি এবং কৃষকের জন্য আলুতে ন্যায্যমূল্য নিশ্চিতকরণে কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে ১৬ মার্চ ২০২১ তারিখে আলু বিপণনের সাথে জড়িত বিভিন্ন অংশীজনের সমন্বয়ে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ইউসুফ। সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, বিভিন্ন আলু রপ্তানিকারক প্রতিষ্ঠানের মালিক, পাইকারী ও খুচরা আলু ব্যবসায়ী এবং আলু উৎপাদনকারী কৃষক। এ ছাড়াও উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক ও যুগ্ম সচিব জনাব কাজী আবুল কালাম এবং জনাব মোঃ দীন ইসলাম এবং অধিদপ্তরের বিভিন্ন স্তরের কর্মকর্তাবৃন্দ। উক্ত সভায় আলু বিপণনের বিদ্যমান বিভিন্ন সমস্যা, বর্তমান অবস্থা, আলু উৎপাদনকারী কৃষক ও কৃষি ব্যবসায়ীর উন্নয়ন ও আলু রপ্তানি বৃদ্ধিতে করণীয় ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।



আলু নিয়ে আয়োজিত মতবিনিময় সভায় উপস্থিত প্রধান অতিথিসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ

## করোনা মহামারীতেও রাজধানীর মানিক মিয়া এভিনিউ এ স্থাপিত কৃষকের বাজার চালু রয়েছে

বৈশ্বিক মহামারী করোনার প্রভাবে বাংলাদেশের শাকসবজিসহ অন্যান্য কৃষিপণ্যের পরিবহণ এবং বাজারজাতকরণে বিরূপ প্রভাব পড়েছে। কৃষকেরা তাদের উৎপাদিত কৃষিপণ্য বিক্রি করতে ভোগান্তিতে পড়ছেন। এসব বিষয় বিবেচনা করে লকডাউনের মধ্যেও চালু রয়েছে কৃষকের বাজার। কৃষি বিপণন অধিদপ্তরের সার্বিক ব্যবস্থাপনায় প্রতি শুক্রবার ও শনিবার সকাল ৭টা থেকে এ বাজার শুরু হয়। নিজের ক্ষেতের উৎপাদিত নিরাপদ বিষমুক্ত ফসল বিক্রি করেন কৃষকরা। নিরাপদ উপায়ে কৃষকের উৎপাদিত পণ্য ভোক্তাদের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে এ বাজার স্থাপন করা হয়েছে।




কৃষকের বাজারে আগত ক্রেতা বিক্রেতা

## কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি বৃদ্ধতে করণীয় বিষয়ে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক কর্মশালা আয়োজন

বাংলাদেশের বিভিন্ন কৃষিপণ্যের সঠিক প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি বৃদ্ধিতে ৩১ জানুয়ারি ২০২১ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ইউসুফ। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ এগ্রোপ্রসেসিং এসোসিয়েশনের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম জাহাঙ্গীর হোসেন, প্রাণ গ্রুপের চিফ অপারেটিং অফিসার জনাব মোঃ মাহাতাব উদ্দিন এবং এসিআই গ্রুপের প্রতিনিধি। আরও উপস্থিত ছিলেন কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানির সাথে সম্পৃক্ত বিভিন্ন শ্রেণির সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ। উক্ত কর্মশালায় কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণে বিদ্যমান সমস্যা, প্রতিবন্ধকতা, বিদ্যমান সুযোগ সুবিধা, প্রক্রিয়াজাতকরণ শিল্পের উন্নয়ন ও রপ্তানি বৃদ্ধিতে করণীয় ইত্যাদি বিষয়ে আলোচনা হয়।

## কৃষি বিপণন অধিদপ্তরে অডিট ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ আয়োজন

কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের বিভিন্ন স্তরের কর্মচারীদের সরকারি কর্ম সম্পাদনে দক্ষতা ও সক্ষমতা উন্নয়নে অভ্যন্তরীণ প্রশিক্ষণের অংশ হিসেবে অডিট ব্যবস্থাপনা বিষয়ে ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের প্রধান ফ্যাসিলিটেটর হিসেবে সেশন পরিচালনা করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল কাদের এবং সভাপতিত্ব করেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক ও যুগ্ম সচিব জনাব কাজী আবুল কালাম।

## বিদেশ ফেরত অভিবাসী এবং পাচারের শিকার নারীদের দক্ষতা তৈরিতে কৃষি বিপণন অধিদপ্তর এবং ব্র্যাক এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

বিদেশ ফেরত অভিবাসী এবং পাচারের শিকার নারী ও পুরুষ প্রশিক্ষণ, দক্ষতা তৈরি ও টেকসই উন্নয়নের জন্য একসঙ্গে কাজ করার সিদ্ধান্ত নিয়েছে সরকারি প্রতিষ্ঠান কৃষি বিপণন অধিদপ্তর এবং ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম। কৃষি বিপণন অধিদপ্তরের কার্যালয়ে দুই প্রতিষ্ঠানের মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষর হয়। সমঝোতা স্মারক অনুযায়ী বিদেশ থেকে ফেরত আসা অভিবাসী এবং পাচারের শিকার নারী-পুরুষের পুনরেত্রীকরণের সামাজিক ও অর্থনৈতিকভাবে পুনএকত্রীকরণে কাউন্সিলিং, দক্ষতা বিকাশ এবং প্রশিক্ষণপ্রাপ্তদের উদ্যোক্তা তৈরিতে দুই প্রতিষ্ঠান নিবিড়ভাবে কাজ করবে। ফিরে আসা বিদেশফেরত অভিবাসী কর্মীদের সনাক্তকরণ, চাহিদা নিরূপণ, ঋণ ও আর্থিক সহায়তা, প্রয়োজনীয় প্রশিক্ষণ, ব্যবসা নির্বাচন এবং কর্মসংস্থান অথবা উদ্যোক্তা সুযোগ তৈরিতে সহায়তা করা হবে। সমঝোতা স্মারক স্বাক্ষর শেষে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ জানান যে, কৃষি ও প্রবাসী আয় বাংলাদেশের গুরুত্বপূর্ণ দুটি বিষয়। প্রবাসীদের কারণেই আজকে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ শক্তিশালী। কিন্তু বিদেশ ফেরত মানুষদের বিশেষ করে নারীরা ফেরত অসার পর খুব অসহায় থাকে। এই সমঝোতার মাধ্যমে আমরা ব্র্যাকের সঙ্গে মিলে যৌথভাবে বিদেশ ফেরত বা পাচারের শিকার মানুষগুলোকে প্রশিক্ষণ দিয়ে বাজারের সঙ্গে যুক্ত করে দিতে চাই। কৃষি বিপণন অধিদপ্তর তাদের চাহিদা অনুযায়ী কৃষি ভিত্তিক দক্ষতা বিকাশের প্রশিক্ষণ এবং টেকসই পুনএকত্রীকরণের জন্য উদ্যোক্তো তৈরিতে সহায়তা করার পাশাপাশি প্রশিক্ষণার্থীদের সকল প্রকার সুরক্ষা নিশ্চিত করবে এবং তথ্য প্রসার ও জনসচেতনতা তৈরি করবে।



কৃষি বিপণন অধিদপ্তর এবং ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রামের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ ও ব্রাক মাইগ্রেশন প্রোগ্রামের প্রধান জনাব মোঃ শরিফুল হাসান

## বিদেশ ফেরত অভিবাসী এবং মানবপাচারের শিকার নারীদের দক্ষতা বৃদ্ধিতে যশোরে প্রশিক্ষণ আয়োজন

বিদেশ ফেরত অভিবাসী এবং মানবপাচারের শিকার নারীদের শিশুদের প্রশিক্ষণ, দক্ষতা বৃদ্ধি ও টেকসই অর্থনৈতিক একত্রীকরণের জন্য একসঙ্গে কাজ করছে ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রাম এবং সরকারের কৃষি বিপণন অধিদপ্তর। দুই প্রতিষ্ঠানের যৌথ আয়োজনে মানবপাচারের শিকার নারীদের ও বিদেশ ফেরতদের নিয়ে যশোরে সম্পন্ন হয়েছে তিন দিন ব্যাপী "ফুল চাষ ও ব্যবসা উদ্যোগ" বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম। ১০ এপ্রিল ২০২১ তারিখে জুমে সংযুক্ত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। বিশেষ অতিথি হিসেবে যুক্ত ছিলেন ব্র্যাক মাইগ্রেশন প্রোগ্রামের কর্মসূচি প্রধান জনাব শরিফুল হাসান। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক কাজী আবুল কালাম।



বিদেশ ফেরত অভিবাসী এবং মানবপাচারের শিকার নারীদের দক্ষতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন

## মাঠ ও বাজার পরিদর্শক পদে কৃষি বিপণন অধিদপ্তরে নতুন জনবল নিয়োগদান

কৃষি বিপণন অধিদপ্তরে ২৬ জন মাঠ ও বাজার পরিদর্শক গত ২৫/০৩/২০২১ খ্রিঃ তারিখে যোগদান করেন। প্রধান কার্যালয়ে ওরিয়েন্টেশন কার্যক্রম শেষে নবনিয়োগপ্রাপ্ত মাঠ ও বাজার পরিদর্শকগণকে কৃষি বিপণন অধিদপ্তরের ২৬টি জেলা কার্যালয়ে পদায়ন করা হয়।



কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে নতুন নিয়োগপ্রাপ্ত মাঠ ও বাজার পরিদর্শকগণ

## রংপুরের পায়রাবন্দে অহিমায়িত মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন

কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর বিভাগের উদ্যোগে ৮ এপ্রিল, ২০২১ তারিখে রংপুরের পায়রাবন্দে অহিমায়িত মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়।। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রংপুর অঞ্চলের অতিরিক্ত পরিচালক এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-পরিচালক (আলুবীজ), বিএডিসি, রংপুর। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রংপুর বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক মোঃ আনোয়ারুল হক। এছাড়া সারা বাংলা কৃষক সোসাইটির প্রতিনিধিসহ কৃষি সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



রংপুরের পায়রাবন্দে অহিমায়িত মডেল ঘরে আলু সংরক্ষণ কার্যক্রমের শুভ উদ্বোধন

আলুর চলতি মৌসুমে হিমাগারে আলু সংরক্ষণের জায়গা স্বল্পতা থাকায় কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক উন্নয়নকৃত বসতবাড়িতে আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘরে আলু সংরক্ষণ হতে পারে অন্যতম কার্যকর উপায়। এর ফলে কৃষকদের মিলবে রপ্তানিকারকদের সাথে লিংকেজ স্থাপন, মিলবে উপযুক্ত মূল্য। তাই হিমাগারের তুলনায় কম খরচে আলু সংরক্ষণ করে অধিক লাভবান হওয়ার সুযোগ নেয়ার জন্য উপস্থিত কৃষকদের উদ্বুদ্ধ করা হয়।

## কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন বিভাগের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের কৃষি বিপণন অধিদপ্তরে ইন্টার্নশীপ আয়োজন

বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদের বিএস (কৃষি অর্থনীতি) বিভাগের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীদের কৃষি বিপণন অধিদপ্তরে ৪ মাস মেয়াদি ইন্টার্নশীপ আয়োজন করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন কৃষি বিপণন অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কে প্রায়োগিক জ্ঞান লাভের নিমিত্ত ১০জন শিক্ষার্থী ৪ মাসের এই ইন্টার্নশীপে অংশগ্রহণ করছেন।



বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের বিএস (কৃষি অর্থনীতি) প্রোগ্রামের শিক্ষার্থীদের ইন্টার্নশীপ

## খুলনায় উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম

কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সহযোগিতা ও নির্দেশনায় খুলনা জেলা সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়ের বাস্তবায়নে করোনাকালীন উদ্যোক্তাদের প্রদত্ত ভ্রাম্যমান ভ্যানে খুলনা মহানগরীতে বিপণন করা হচ্ছে সবজি, ফল, ডিম ও দুধ। এ বিপণন কার্যক্রমটি খুলনা জেলা বাজার কর্মকর্তার তদারকিতে পরিচালনা করছেন বিপণন দপ্তরের পরামর্শ ও কারিগরি সুবিধাপ্রাপ্ত দলনেতা জনাব রুয়েল ইসলাম ও তার দল।



ভ্রাম্যমান ভ্যানে খুলনা মহানগরীতে বিপণন করা হচ্ছে শাকসবজি, ফলমূল, ডিম ও দুধ

## বড় হাট বাজার এবং ফেরিঘাটসমূহে কৃষিপণ্যের ট্রাকে স্টিকার সরবরাহ

কৃষি বিপণন অধিদপ্তরের নির্দেশনায় রাজবাড়ী জেলার দৌলতদিয়া ফেরিঘাট এবং কাঁঠালবাড়ি ফেরিঘাটে অগ্রাধিকার ভিত্তিতে কৃষিপণ্য দ্রুত পারাপারের জন্য কৃষিপণ্যের ট্রাক ও ফেরীতে জরুরি কৃষিপণ্য পরিবহন সংবলিত স্টিকার ও ব্যানার লাগানো হয়েছে। ফলশ্রুতিতে বিদ্যমান লকডাউনে কৃষিপণ্যের ট্রাক ও ফেরী চলাচল কার্যক্রম স্বাভাবিক রয়েছে।




কৃষিপণ্য অগ্রাধিকার ভিত্তিতে পারাপারের জন্য স্টিকার লাগানো কার্যক্রম

## দেশ সেরা পেঁয়াজ বীজ চাষির কৃষি বিপণন অধিদপ্তরের অনলাইন প্লাটফর্ম "সদাই" এর উদ্যোক্তা হিসাবে নিবন্ধন



ফরিদপুর জেলা কার্যালয়ে উপস্থিত পেঁয়াজ বীজ চাষী সাহিদা বেগম

সাহিদা বেগম ফরিদপুর সদরের অম্বিকাপুরের বাসিন্দা, তিনি বাংলাদেশের সর্ববৃহৎ পেঁয়াজ বীজ চাষী। তার আবাদি জমির পরিমাণ ৩৫ একর, উৎপাদন ২৫০ মন (পেঁয়াজ বীজ)। তিনি সেরা নারী কৃষি পদক ২০২০ হিসাবে পুরস্কৃত হয়েছেন। কৃষি বিপণন অধিদপ্তরের ডিজিটাল বাজার "সদাই" মোবাইল এ্যাপস এ তিনি এফএমজি উদ্যোক্তা হিসাবে নিবন্ধিত হয়েছেন।

## শস্য গুদাম ঋণ কার্যক্রমের আওতাধীন গুদামে বোরোধানের ঋণমাত্রা নির্ধারণ

জয়পুরহাট জেলার কালাই উপজেলাধীন মোসলেমগঞ্জ গুদামের গুদাম উপদেষ্টা কমিটির সভা ০৬ মে ২০২১ তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় বোরোধানের ঋণমাত্রা নির্ধারণ হয় প্রতি কুইন্টাল ১৭৫০ টাকা।



জনাব টুকটুক তালুকদার, উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালাই, জয়পুরহাট এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভা

## উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম-ক্যামিক্যাল মুক্ত আম বিপণন

কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা জেলা কার্যালয়ের সহযোগিতায় অচিরেই চালু হতে যাচ্ছে করোনাকালীন সময়ে ভ্রাম্যমান ভ্যানগাড়ীতে কেমিক্যালমুক্ত আম বিপণন কার্যক্রম। কৃষি বিপণন অধিদপ্তরের খুলনা নিরালা আবাসিক এলাকার উদ্যোক্তা জনাব মোঃ আবু সেলিম সাতক্ষীরা ও রাজশাহী অঞ্চলের সরাসরি বাগান থেকে সংগৃহীত কেমিক্যালমুক্ত আম খুলনা মহানগরীর ০২টি নির্ধারিত স্থানে কৃষি বিপণন অধিদপ্তরের ভ্রাম্যমান ভ্যানে সুলভ মুল্যে বিক্রি করবেন।



উদ্যোক্তাদের মাঝে কৃষি বিপণন অধিদপ্তরের লোগো সম্বলিত ব্যাগ বিতরণ করছেন জেলা বাজার কর্মকর্তা জনাব আব্দুস সালাম তরফদার

খুলনা বিভাগীয় কমিশনারের সেক্রেটারিয়েট ক্যাম্পাস এবং খুলনা কৃষি বিপণন ভবন চত্বরে সকাল ১০ টা হতে দুপুর ২টা এবং খুলনা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বেলা ২.৩০ হতে বিকাল ৫টা পর্যন্ত এ আম কেনা যাবে।

## উন্নয়ন মেলা ২০২১ এ অংশগ্রহণ

স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ উদযাপন উপলক্ষে আয়োজিত উন্নয়ন মেলা-২০২১ এ দেশের সকল জেলায় কৃষি বিপণন অধিদপ্তর অংশগ্রহণ করে। এর মধ্যে জেলা প্রশাসন নরসিংদী কর্তৃক আয়োজিত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী : স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল বাংলাদেশ উদযাপন উপলক্ষে উন্নয়ন মেলা-২০২১ এ প্রধান ক্যাটাগরি "উন্নয়ন কার্যক্রম প্রচার" ক্যাটাগরিতে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহ (কৃষি বিপণন, সম্প্রসারণ ও বারি) "প্রথম স্থান" অর্জন করে।




নরসিংদীতে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের (কৃষি বিপণন অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও বারি) "প্রথম স্থান" অর্জন



উন্নয়ন মেলা ২০২১ এ কৃষি বিপণন অধিদপ্তরের রংপুরের প্রদর্শনী স্টল

## তরমুজের বিপণনে গৃহীত পদক্ষেপ

তরমুজ চাষীদের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ, বিপণন ও সরবরাহ পরিস্থিতি স্বাভাবিক রাখতে খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলার আমতলী ও হেতালবুনিয়ায় তরমুজ চাষী ভাইদের সাথে মতবিনিময় করা হয় এবং তাদের তরমুজের ক্ষেত পরিদর্শন করা হয়। মতবিনিময় কালে চাষী ভাইদের নিকট থেকে একর প্রতি তরমুজের উৎপাদনের পরিমাণ, মোট উৎপাদন ব্যয় এবং বিক্রয়মূল্যসহ প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়। সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, খুলনা এর পক্ষ হতে তরমুজ উৎপাদনকারী কৃষক ভাইদের প্রয়োজনীয় পরামর্শ এবং তরমুজ বিপণন কাজের প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়।



খুলনা জেলা কার্যালয়ের কর্মকর্তাগণের তরমুজের ক্ষেত সরেজমিন পরিদর্শন

## নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার স্থিতিশীল রাখতে বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত

রমজান মাস উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় পণ্যের আমদানিকারিক, পাইকারী ও খুচরা বিক্রেতারা পণ্য সংকটের অজুহাতে মূল্য বৃদ্ধি যেন করতে না পারে সে জন্য কৃষি বিপণন আইন-২০১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে অধিদপ্তর হতে ১২ এপ্রিল, ২০২১ তারিখে ৬টি নিত্যপণ্যের (পেঁয়াজ, ছোলা, মশুর ডাল, চিনি, তেল, খেজুর) যৌক্তিক মূল্য নির্ধারণ করে দেয়া হয়। স্থানীয় জেলা প্রশাসন, বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাগণ নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করায় রমজানে বাজার পরিস্থিতি স্বাভাবিক ছিল।



আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় বাজার মনিটরিং কার্যক্রম




বাজার মনিটরিং কাজে নিয়োজিত নিজস্ব পরিবহন

## বরিশালে ফল ব্যবসায়ীদের সাথে মতবিনিময়

কৃষি বিপণন অধিদপ্তর বরিশাল বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়ের সমন্বয়ে বরিশাল পোর্ট রোড বাজারের ফল ব্যবসায়ীদের মাঝে সাতক্ষীরা জেলার আম সংগ্রহের সময়সূচি এবং আম ব্যবসায়ীদের ফোন নম্বর সংবলিত লিফলেট বিতরণ করা হয়। অপরিপক্ক আম ক্রয়-বিক্রয়ে বরিশাল ফল ব্যবসায়ীদের সতর্ক করে দেয়া হয়। নিরাপদ আম বিপণনের সকল প্রতিবন্ধকতা দূরীকরণে বরিশাল ফল ব্যবসায়ীদের সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করা হয়।



ফলের পাইকারী বাজার পরিদর্শনে বরিশাল জেলা কার্যালয়ের কর্মকর্তাগণ

## সলিডারিড্যাড নেটওয়ার্ক এশিয়ার ভিলেজ সুপার মার্কেট পরিদর্শন

কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার সলিডারিড্যাড নেটওয়ার্ক এশিয়ার সফল প্রকল্পের আওতায় নির্মিত ভিলেজ সুপার মার্কেট (VSM) পরিদর্শন করেন। এ সময় সলিডারীড্যাড নেটওয়ার্ক এশিয়ার হেড অফিস ও রিজিওনাল অফিসের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ভিলেজ সুপার মার্কেট (VSM) সম্মেলন কক্ষে এ উপলক্ষে কৃষি বিপণন অধিদপ্তর এবং সফল প্রকল্পের সহযোগিতায় কৃষক ও উদ্যোক্তাদের এক প্রশিক্ষণের আয়োজন করা হয়।



খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার সলিডারিড্যাড নেটওয়ার্ক এশিয়ার ভিলেজ সুপার মার্কেট (VSM) এ আয়োজিত প্রশিক্ষণ

## কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধির কৃষকের বাজার পরিদর্শন

লালমনিরহাট জেলার নবাবের হাট (বিডিআর হাট) কৃষকের বাজার মনিটরিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন ও কৃষকদের সাথে মতবিনিময় করেন জনাব শাহ ইমাম আলী রেজা, উপসচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।




কৃষকের বাজার পরিদর্শন

## রংপুরে কৃষি বিপণন অধিদপ্তরের টমেটো প্রক্রিয়াজাতকরণ কার্যক্রম চালু

কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ ২১ মার্চ, ২০২১ তারিখে রংপুরে কৃষি বিপণন অধিদপ্তরের টমেটো প্রক্রিয়াজাতকরণ মেশিনের কার্যক্রম পরিদর্শন করেন এবং এর সাথে সংশ্লিষ্ট উদ্যোগক্তাগণকে মূল্যবান পরামর্শ প্রদান করেন। সর্বোপরি কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা করার জন্য অফিসের সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।



রংপুরে কৃষি বিপণন অধিদপ্তরের টমেটো প্রক্রিয়াজাতকরণ কার্যক্রম পরিদর্শনে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর

## কৃষিপণ্য কেনাবেচায় আসছে এ্যাপ "সদাই"

কৃষি বিপণন অধিদপ্তরের নিজস্ব ব্যবস্থাপনায় "সদাই" মোবাইল এ্যাপস এর আনুষ্ঠানিক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কার্যক্রম শুরু করা হয়েছে।




কৃষি বিপণন অধিদপ্তরের "সদাই" মোবাইল এ্যাপস

গুগল প্লে-স্টোর থেকে মোবাইল এ্যাপসটি ডাউনলোড করে ক্রেতা এবং বিক্রেতাগণ রেজিস্ট্রেশন করতে পারবেন। কৃষি বিপণন অধিদপ্তরের তালিকাভুক্ত কৃষক বিপণন দলের সদস্য এবং উদ্যোক্তাগণ এ এ্যাপসটি ব্যবহার করে তাদের পণ্যের বিপণন কার্যক্রম চালাতে পারবেন।

**সম্পাদনায় :** কাজী আবুল কালাম, পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
ফোন : ০২-৫৫০২৮৪২৩, ই-মেইল: dir.ict@dam.gov.bd, ওয়েবসাইট: www.dam.portal.gov.bd